# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 22-01-2025** **Time: 7-35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ–

১) আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের খুন ও ধর্ষণের মামলায় আজ সুপ্রিম কোর্টে শুনানি।

নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে রাজ্য সরকার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে।

২) মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে অবস্থানরত জুনিয়র চিকিৎসকরা অবস্থান বিক্ষোভ তুলে নিয়েছেন।

৩) এবার থেকে ৬০ বছরের বেশী বয়সী মহিলারাও লক্ষ্মীর ভান্ডার প্রকল্পের সুবিধে পাবেন বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা।

৪) মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ রাত থেকে বালি ব্রীজের একাংশ বন্ধ থাকছে।

৫) কলকাতায় আজ শুরু হচ্ছে আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব।

৬) ইডেনে আজ ভারত ও ইংল্যান্ডের মধ্যে টি-টোয়েন্টি ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচকে ঘিরে সাজোসাজো রব।

oooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের খুন ও ধর্ষণের মামলায় আজ সুপ্রিম কোর্টে শুনানি। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও দুই বিচারপতি সঞ্জয় কুমার ও কেভি বিশ্বনাথনের বেঞ্চে এই শুনানি হওয়ার কথা। আর জি কর কান্ডে সুপ্রিম কোর্ট স্বতঃপ্রণোদিত হয়ে যে মামলা গ্রহণ করেছিল, তার সঙ্গে নির্যাতিতার পরিবারের দায়ের করা মামলারও একই সঙ্গে আজ শুনানি হবে বলে জানা গেছে। এই ঘটনায় শুধুমাত্র সঞ্জয় রায় নয়, আরও অনেকে যুক্ত বলে সন্দেহ প্রকাশ করে নির্যাতিতার বাবা-মা সিবিআই-এর চার্জশিটের প্রেক্ষিতে কয়েক দফা প্রশ্ন তুলে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন।

এদিকে, নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। দুই বিচারপতি দেবাংশু বসাক এবং মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চে গতকাল তারা মামলা দায়েরের অনুমতি চায়। ডিভিশন বেঞ্চ সেই অনুমতি দিয়েছে।

উল্লেখ্য নিম্ন আদালতের রায়ে অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি হাইকোর্টে আবেদন জানানোর কথা বলেন। আগেই জানানো হয়েছে, RG KAR-এ তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় একমাত্র ধৃত সঞ্জয় রায়কে শিয়ালদা আদালত, সোমবার আমৃত্যু কারাদন্ড দেয়।

এদিকে, নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ করে রাজ্য সরকারের হাইকোর্টে দ্বারস্থ হওয়া সস্তার প্রচার ছাড়া আর কিছুই নয় বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি মন্তব্য করেছেন। গত সন্ধ্যায় তিনি পানিহাটিতে নির্যাতিতার বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। পরে বিজেপি নেতা সাংবাদিকদের বলেন, নির্যাতিতার বাবা-মা যে বৃহত্তম আইনী লড়াইয়ে নামছেন, তাতে তিনি সাধ্যমতো সহযোগিতা করবেন।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে বিক্ষোভরত জুনিয়র ডাক্তাররা তাদের অবস্থান তুলে নিল। গত রাতে তারা এক সাংবাদিক সম্মেলন করে এই অবস্থান বিক্ষোভ প্রত্যাহারের কথা জানায়। একইসঙ্গে তারা মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজির কাছে তাদের সাতজনের ওপর থেকে সাসপেনশন আদেশ তুলে নেওয়ার জন্যও আবেদন করেন।

উল্লেখ্য, মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে স্যালাইন কাণ্ডের জেরে প্রসূতির মৃত্যু ও কয়েকজন অসুস্থ হওয়ার পর, রাজ্য সরকার ১২ জন চিকিৎসক কে কর্তব্যে গাফিলতির অভিযোগে সাসপেন্ড করে।

এদিকে, জাল স্যালাইন কারবারিদের গ্রেফতার ও স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে এসএফআই, ডিওয়াইএফআই ও AIDWA আজ জেলাশাসকের কাছে স্মারকলিপি দেবে। অবস্থান বিক্ষোভের কর্মসূচীও নেওয়া হয়েছে।

অন্যদিকে, সিউড়ি সদর হাসপাতাল চলো কর্মসূচীরও ডাক দেওয়া হয়েছে, সিউড়ি বেনী মাধব মোড়ে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবার থেকে ৬০ বছরের বেশী বয়সী মহিলারাও লক্ষীর ভান্ডার প্রকল্পের সুবিধে পাবেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজি গতকাল মালদায় এ কথা ঘোষণা করেন।

সেখানে এক সভায় তিনি জানান, ''লক্ষীর ভাণ্ডার'' প্রকল্পের আওতায় মা-বোনেরা যতদিন বাঁচবেন ততদিন পর্যন্ত টাকা পাবেন।এর পাশাপাশি তিনি ঘোষণা করেন, এই ভাণ্ডারের পরিমাণ সময়ের সঙ্গে আরও বাড়বে।

বাইট

মুখ্যমন্ত্রী আরও বলেন, ''এই ভান্ডার মা বোনেদের জন্য। মেয়েদের অল্প বয়সে বিয়ে দেওয়ার কোনও দরকার নেই। তাদের পড়াশোনা করার সুযোগ দিতেও আর্জি জানান মুখ্যমন্ত্রী, কারণ একদিন মেয়েরাই সংসার চালাবে।''

উল্লেখ্য, তিন জেলা সফরের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল মালদায় সরকারি পরিষেবা প্রদান অনুষ্ঠানে যোগ দেন। সেখানে তিনি উপভোক্তাদের বিভিন্ন পরিষেবা প্রদান করেন।

জেলা সফরের শেষ পর্যায়ে আজ তিনি আলিপুরদুয়ারের মাদারিহাটে এক সরকারি অনুষ্ঠানে যোগ দেবেন।

oooooooooooooooooooooo

এবার থেকে বায়োমেট্রিক ব্যবস্থায় আঙুলের ছাপ নেওয়ার পাশাপাশি বিয়ের রেজিস্ট্রেশনের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিদের আধার কার্ড যাচাই বাধ্যতামূলক করা হচ্ছে। ভুয়ো পরিচয়পত্র দিয়ে বিয়ে করার প্রবণতা বন্ধ করতেই এই উদ্যোগ। এছাড়াও নতুন ব্যবস্থায় দেশ বিদেশের যেকোনো জায়গা থেকেই বায়োমেট্রিকের মাধ্যমে বিয়ের রেজিস্ট্রির নোটিস দিতে পারবেন পাত্র-পাত্রীরা। ২০২৫-২৬ আর্থিক বছরের গোড়া থেকেই এই নতুন নিয়ম চালু করতে চলেছে রাজ্যের আইন দফতর।

oooooooooooooooooooooo

মহাকুম্ভ কে কেন্দ্র করে প্রয়াগরাজের ত্রিবেণী সঙ্গমে চলছে স্নান পর্ব।১৪৪ বছর পরে মহাকুম্ভের যোগকে কেন্দ্র করে ৯ কোটির বেশি তীর্থযাত্রী এ পর্যন্ত স্নান সেরেছেন। মেলার নিরাপত্তায় ২৬ টি নাশকতা দমন দল ও বুলেট প্রুফ আউটপোস্ট তৈরি করা হয়েছে। উত্তর প্রদেশ সরকারের তরফে মেলা প্রাঙ্গণে চালু করা হয়েছে রাজ্যের প্রথম ডাবল ডেকার রেস্তোরাঁ।

প্রয়াগরাজ থেকে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – সুমন)

০০০০০০০০০০০০০০০০০০০০০

যক্ষ্মা মুক্ত ভারত গঠনে সরকার একাধিক পদক্ষেপ নিয়েছে। শুরু হয়েছে ১০০ দিনের বিশেষ কর্মসূচি। এই নিয়ে বিশেষ আলোচনায় পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সিনিয়র মেডিক্যাল অফিসার ডাক্তার স্বপ্না মুখোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ কলকাতা প্রযোজিত এই অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত ৯:৩০ মিনিটে গীতাঞ্জলি, ১০৭ প্রচার তরঙ্গ ও ডি টি এইচ বাংলায় এবং আমাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মেরামতি এবং রক্ষণাবেক্ষণের কাজের জন্য বালি ব্রিজের একাংশ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ রাত বারোটা থেকে আগামী সোমবার সাতাশে জানুয়ারি সকাল পর্যন্ত এই সেতুর, কলকাতার দিক থেকে বেরোনোর লেনটি বন্ধ থাকবে। পরিবহন ভবনে সম্প্রতি এই নিয়ে পুলিশ ও পূর্ত দফতরের আধিকারিকদের মধ্যে বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়।

কলকাতাগামী লেন চালু থাকলেও অন্যদিকের লেনটি বন্ধ থাকায় যান চলাচলের জন্য বিকল্প হিসাবে নিবেদিতা সেতুকে ব্যবহার করা হবে বলে ঠিক হয়েছে।

উল্লেখ্য একই সময়ে শিয়ালদা ডানকুনি শাখায় চার দিন ট্রেন বন্ধ থাকার কথা আগেই ঘোষণা করা হয়েছিলো। এর ফলে ওই সময়ে যাত্রীরা চরম সমস্যায় পড়বেন বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের চলমান ট্র্যাফিক ও পাওয়ার ব্লকের জন্য আগামীকাল ( ২৩ জানুয়ারি ) থেকে আগামী রবিবার ( ২৬ জানুয়ারি) পর্যন্ত ওই ডিভিশনের বেশকিছু EMU লোকাল বাতিল থাকবে। ওই সময়কালে ব্যান্ডেল থেকে হাওড়া ১৫-টি , শেওড়াফুলি থেকে হাওড়া মোট ১১ টি ,বেলুড় মঠ থেকে হাওড়া দুটি , শ্রীরামপুর থেকে হাওড়া দুটি , হাওড়া থেকে ব্যান্ডেল ১৫ টি , হাওড়া থেকে শেওড়াফুলি ১১ টি হাওড়া থেকে বেলুড় মঠ দুটি এবং হাওড়া থেকে শ্রীরামপুর দুটি ট্রেন বাতিল থাকবে।

ব্যান্ডেল-হাওড়া মাতৃভূমি লেডিস স্পেশাল ও আগামী ২৩ থেকে ২৬ জানুয়ারি বাতিল থাকবে। এর পরিবর্তে একটি ডাউন প্যাসেঞ্জার স্পেশাল ব্যান্ডেল থেকে একই পথে রওনা হবে।আগামীকাল থেকে রবিবার হাওড়া ও ব্যান্ডেল এর মধ্যে চারজোড়া প্যাসেঞ্জার স্পেশাল চালানো হবে।

oooooooooooooooooooooo

রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় শিশু কিশোর একাডেমির আয়োজনে ৭ দিনব্যাপী কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের সূচনা হবে আজ বিকেলে নন্দন প্রেক্ষাগৃহে। উদ্বোধন করবে দুই শিশু শিল্পী Taiyo Chan ও Totto Chan ।

উপস্থিত থাকবেন চিত্র পরিচালক গৌতম ঘোষ, কলকাতার মেয়র ফিরহাদ হাকিম, রাজ্যমন্ত্রী সভার সদস্য অরূপ বিশ্বাস, ব্রাত্য বসু,শশী পাঁজা সহ বিশিষ্টজনের। উৎসবে অংশগ্রহণের জন্য ১২০০ ডেলিগেশন কার্ড ইস্যু করা হয়েছে , এছাড়াও দৈনিক পাশের ব্যবস্থা রয়েছে।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিজিৎ)

oooooooooooooooooooo

নদীয়ার তাহেরপুরের তিন বছর তিন মাসের ঈশান বিশ্বাস একটি অদ্ভূত প্রতিভার পরিচয় দিয়ে সবার নজর কেড়েছে। মাত্র ৪ মিনিট ৫২ সেকেন্ডে ১২৫-টি ফুল, ফল, জীবজন্তু, পশু,পাখি ও দৈনন্দিন অনেক বস্তুর ইংরেজী নাম বাংলায় বলে এক রেকর্ড গড়েছে। তার এই অসাধারণ সাফল্য অর্জনের জন্য সে ইন্ডিয়া বুক অফ রেকর্ডস এবং এশিয়া বুক অফ রেকর্ডসে স্থান পেয়েছে। সে পৃথিবীর বিভিন্ন দেশের জাতীয় পতাকা দেখেও সেই সব দেশের নাম একনাগাড়ে বলতে পারে।

oooooooooooooooooooooo

ইডেনে আজ ভারত ও ইংল্যান্ডের মধ্যে , টি -২০ ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচ কে ঘিরে সাজো সাজো রব। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

আমাদের ক্রীড়া প্রতিনিধি জানাচ্ছেন ( ভি সি অরিজিত দত্ত )

এদিকে, ক্রিকেট প্রেমীদের খেলা দেখে বাড়ি ফেরার সুবিধার্থে পূর্ব রেল আজ রাতে ১২ কোচের দুটি বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। একটি EMU স্পেশাল প্রিন্সেপ ঘাট থেকে রাত ১১ টা ৫০ মিনিটে বারাসাত এর উদ্দেশে, এবং আরেকটি ট্রেন B B D BAG থেকে রাত ১২ টা দুই মিনিটে বারুইপুর এর উদ্দেশে চালানো হবে বলে রেল সূত্রের খবর।

OOOOOOOOOOOOOOOOOOOO

৬৪ তম রাজ্য, জেলা ভলিবল প্রতিযোগিতা আজ পূর্ব মেদিনীপুরের আলেয়া ক্লাবে শুরু হবে। চলবে রবিবার পর্যন্ত।

পুরুষদের ১৮ টি এবং মহিলাদের ১২ টি দল এতে অংশ নেবে।

OOOOOOOOOOOOOOOOOOOO